

প্রকল্প অগ্রগতি সংশ্লিষ্ট

প্রকল্পের নাম: “সুবিধা বঞ্চিত প্রত্যন্ত অঞ্চলের সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষা ব্যবস্থা ডিজিটালকরণ”
প্রকল্প।

প্রকল্প বাস্তবায়ন ও প্রাসঙ্গিক তথ্যাদি:

পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড এবং প্রাথমিক শিক্ষা অধিদপ্তর এর সাথে সমঝোতা স্মারক (Memorandum of Understanding) স্বাক্ষর/সম্পাদনের মধ্যে দিয়ে প্রকল্প বাস্তবায়ন কাজ শুরু হয়। পরবর্তীতে বিটিসিএল’র সাথে সমঝোতা স্মারক (Memorandum of Understanding) স্বাক্ষর/সম্পাদন হয়।

অতঃপর ৫ (পাঁচ)টি ক্রয় প্যাকেজের ক্রয় যথাযথ প্রক্রিয়া সম্পাদন করে সম্পন্ন করে প্রকল্পের সকল অঙ্গের কাজ শেষ হয়েছে। এখানে উল্লেখ্য যে, স্ট্রয়ারিং কমিটির (PSC) সিদ্ধান্ত মোতাবেক IT Equipment সহ এ প্রকল্পের প্রধান অঙ্গের ক্রয়/সংগ্রহ কাজের অংশ হিসাবে টেন্ডার হতে ক্রয়তব্য পণ্যের গুণগত মান নিশ্চিতকরণে টেন্ডারের সামর্থ্য, ক্ষমতা এবং পণ্যের মান যাচাই ও পর্যবেক্ষণের জন্য ডাক ও টেলিযোগাযোগ বিভাগের অতিরিক্ত সচিব (টেলিকম) এর সভাপতিত্বে গঠিত কমিটির প্রতিবেদনের আলোকে সকল আর্থিক বিধি-বিধান পরিপালনসাপেক্ষে ক্রয় প্রক্রিয়া সম্পাদন করা হয়েছে।

তবে এই চলার পথ বরাবরই ছিল কঠিন, বাধা-বিঘ্ন আর প্রতিকূলতা অতিক্রম করেই এগোতে হয়েছে। ভৌগলিকভাবে প্রত্যন্ত এলাকার শিক্ষা প্রতিষ্ঠান প্রকল্পভুক্ত হওয়ায় পরিবহন এবং যন্ত্রপাতি সংস্থাপন কাজ চ্যালেঞ্জিং হবে এটি সহজেই অনুমেয় ছিল। এর মাঝে এসে পড়ে কোভিড-১৯ এর ধাক্কা। বিশ্ববাজারে আইটিসহ সকল পণ্যের সরবরাহ ব্যবস্থায় ব্যাপক ঘাটতি দেখা দেয়; শিক্ষা প্রতিষ্ঠানও ছিল বন্ধ। স্বাভাবিকভাবেই প্রকল্প কাজ এতে শুরুতেই কিছুটা বিলম্বিত হয়। যাইহোক এ ধাক্কা সামলে রাষ্ট্রীয় মালিকানাধীন প্রতিষ্ঠান টেন্ডার প্রকল্পের আওতায় আইটি পণ্যসামগ্রী ও আনুসংগিক মালামাল এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহ করে।

প্রকল্পের অপর অংশ ছিল শিক্ষাপ্রতিষ্ঠানে নতুন যন্ত্রপাতির জন্য নিরবচ্ছিন্ন বিদ্যুৎ নিশ্চিত করণের জন্য আইপিএস, পার্বত্য এলাকার পাড়াকেন্দ্রের জন্য সোলার প্যানেল এবং ইলেকট্রিক্যাল ওয়্যারিং। সাথে সরবরাহকৃত যন্ত্রপাতি সংরক্ষণের নিমিত্ত স্টীল আলমারি, প্রিন্টার ও প্রিন্টারসহ পণ্যসামগ্রী ও সংশ্লিষ্ট সেবা।

প্রশিক্ষণ সংক্রান্ত:

প্রকল্পে সংশ্লিষ্ট সকল সরকারী প্রাথমিক বিদ্যালয়/উপজেলার শিক্ষক/কর্মকর্তাবৃন্দকে আইটি ইকুইপমেন্ট ও মাল্টিমিডিয়া কনটেন্ট ব্যবহার ও রক্ষণাবেক্ষণ এবং স্ক্যাচ প্রোগ্রামিং এর উপর ২দিন ব্যাপি প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা করা হয়েছে, যাতে তাঁরা দক্ষতার সাথে ডিজিটাল ক্লাসরুম পরিচালনা করতে পারেন।

প্রকল্পের অধীনে ৬৭৮টি শিক্ষা প্রতিষ্ঠানের প্রত্যেক সরকারী প্রাথমিক বিদ্যালয়ের ২-৩ জন করে শিক্ষক এবং সংশ্লিষ্ট প্রত্যেক উপজেলা থেকে ১জন করে শিক্ষা কর্মকর্তাকে প্রশিক্ষণ প্রদানের করা হয়েছে। এ প্রশিক্ষণ কর্মশালার মাধ্যমে প্রায় ১৭০০ প্রশিক্ষণার্থী ৫০টি ব্যাচে সারাদেশে ১৪টি পিটিআই-তে সম্পূর্ণ প্রকল্পের খরচে প্রশিক্ষণ গ্রহন করেন। দক্ষ ও প্রশিক্ষিত পেশাদার প্রশিক্ষক প্রশিক্ষণ প্রদান করেন। সংশ্লিষ্ট ঠিকাদারী প্রতিষ্ঠান টেলিফোন শিল্প সংস্থা (টেনিস) ১৪টি পিটিআই প্রশিক্ষণ ভেন্যুতে প্রশিক্ষিত প্রশিক্ষক দ্বারা প্রশিক্ষণের আয়োজন করে।

সার্বিক অগ্রগতি:

প্রকল্পের যাবতীয় যন্ত্রপাতি সরবরাহ ও স্থাপন, প্রশিক্ষণ, PAT (Provisional Acceptance Test), FAT (Final Acceptance Test) সহ যাবতীয় কাজ সম্পন্ন হয়েছে।

কানেক্টিভিটি স্ট্যাটাস:

প্রকল্পের অধীনে ৬৭৮টি শিক্ষা প্রতিষ্ঠানে বিটিসিএল এর মাধ্যমে একটি করে ব্রডব্যান্ড ইন্টারনেট সংযোগ প্রদানের ব্যবস্থা করা হয়েছে।

প্রকল্প সংশ্লিষ্ট কয়েকটি স্থিরচিত্র:

